গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.sirajganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ৪৬.৪৩.৮৮০০.০০৫.০৪.০০৭.২৪-২৯

তারিখ : ১০ মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

'এনায়েতপুর হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি'

সিরাজগঞ্জ জেলার চৌহালী ও শাহজাদপুর উপজেলার ভৌগলিক সীমানায় অবস্থিত এনায়েতপুর হাট বাংলা ১৪৩১ সনের (বৈশাখ-চৈত্র) ০১ (এক) বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত ক্যালেন্ডার ও শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

"হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের (ক্যালেন্ডার) তারিখ এবং সময় "

হাট-বাজারের নাম	দরপত্র দাখিলের তারিখ			দরপত্র দাখিলের সময়	দরপত্র উন্মুক্ত করণের সময়	বিগত তিন বছরের গড়+ ৬% বর্ধিত মূল্য(সরকারি মূল্য)	দরপত্র ফরমের মূল্য (অফেরৎ যোগ্য)
	১ম বার	২য় বার	৩য় বার				
এনায়েতপুর হাট-বাজার	১৯/০২/২০২৪	০৬/০৩/২০২৪	২১/০৩/২০২৪	সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা	বিকাল ০৪:০০ টা	২,২৭,৩২,৬৮২/-	৪৬,২০০/-

১ম বার দরপত্র গ্রহণের তারিখে হাটটির দাখিলকৃত দরপত্র অনুমোদিত না হলে উক্ত দাখিলকৃত দরপত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং ২য়/৩য় বার দরপত্র গ্রহণ করা হবে। ১ম বার দরপত্র অনুমোদিত না হলে পরবর্তী ধার্য তারিখের জন্য পৃথক কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাহজাদপুর/চৌহালী এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (অফিস চলাকালীন) ক্রয় করা যাবে। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় (কক্ষ নম্বর-২১২) এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে। ০১ (এক) কোটি টাকার উপরে সরকারি মূল্য ধার্য হওয়ায় সিপিটিইউ এর ওয়েবসাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চৌহালী/শাহজাদপুর ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

শর্তাবলীঃ

০১। বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের **৩০% (শতকরা ত্রিশ ভাগ)** অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে **জেলা প্রশাসক, সিরাজগঞ্জ** এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে **২৫%** ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী **৫%** জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিতের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট **৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ)** অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত **১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর)** অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। ২য় ও ৩য় দফার জন্য পৃথকভাবে নতুন দরপত্র ক্রয় ও দাখিল করতে হবে। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

০৬। সরকার অনুমোদিত সর্বশেষ টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে **নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।**

০৭। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

০৮। ইজারা মূল্যের সাকুল্য অর্থ (ভ্যাট, আয়করসহ) এ দপ্তরের নির্ধারিত ব্যাংক/খাতে নিজ দায়িত্বে পরিশোধের সর্বোচ্চ **০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত)** টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৯। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১১। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখাযুক্ত (ওভার রাইটিং) দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং সেটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-০২

১২। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৩। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৪। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৫। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/০১/২০২৪
(মীর মোহাম্মদ মাহবুবুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
এনায়েতপুর হাট-বাজার ইজারা কমিটি ১৪৩১
সিরাজগঞ্জ
ফোন: ০২৫৮৮৮০৩৩৫
dcsirajganj@mopa.gov.bd

নম্বর-৪৬.৪৩.৮৮০০.০০৫.০৪.০০৭.২৪-২৯(১৭)

তারিখ: ১০ মাঘ ১৪৩০ / ২৪ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, সিপিটিইউ ভবন, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭ (সিপিটিইউ এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌহালী/শাহজাদপুর, সিরাজগঞ্জ
৬। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী/শাহজাদপুর, সিরাজগঞ্জ (উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৭। সহকারী কমিশনার (ভূমি), চৌহালী/শাহজাদপুর, সিরাজগঞ্জ
৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, সিরাজগঞ্জ (উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। চেয়ারম্যান, ১নং সদিয়া চাঁদপুর/ ৭নং খুকনী ইউপি, চৌহালী/শাহজাদপুর, সিরাজগঞ্জ
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সদিয়া চাঁদপুর/খুকনী ইউনিয়ন ভূমি অফিস, চৌহালী/শাহজাদপুর, সিরাজগঞ্জ (তাকে স্থানীয় হাট-বাজারে ঢোল সহরত/মাইক যোগে প্রচারের অনুরোধসহ)
১১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, **'দৈনিক সমকাল'** ঢাকা
১২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, **' দৈনিক যুগের কথা'** সিরাজগঞ্জ
১৩। অফিস কপি

(উক্ত বিজ্ঞপ্তিটি আগামী ২৮/০১/২০২৪ তারিখে তার পত্রিকায় ভিতরের পাতায় (৯"X৩") কলামে ০১ (এক) দিন প্রকাশ করে পত্রিকার ন্যূনতম ০৩ কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

২৪/০১/২০২৪
(মোহাম্মদ তৌফাজ্জল হোসেন)
উপপরিচালক, স্থানীয় সরকার
ও
সদস্য-সচিব
এনায়েতপুর হাট-বাজার ইজারা কমিটি ১৪৩১
সিরাজগঞ্জ
ফোন-০২৫৮৮৮৩০১৬৭
ddlg.sirajganj@gmail.com